

নং-০৫.৪১.৯৩০০.০০২.০৬.০০১.২৩-৩৫

তারিখ: ০১ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
১৬ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

পোস্টাল ব্যালটে ভোটদান সংক্রান্ত গণ-বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাননীয় নির্বাচন কমিশন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের জন্য সময়সূচি প্রকাশ করেছেন। উক্ত সময়সূচি অনুযায়ী ভোটগ্রহণের তারিখ আগামী ০৭ জানুয়ারি ২০২৪ রোজ রবিবার। জাতীয় সংসদ নির্বাচনে কতিপয় ব্যক্তিবর্গের জন্য পোস্টাল ব্যালট-এর মাধ্যমে ভোটাধিকার প্রয়োগের বিধান রয়েছে।

২। পোস্টাল ব্যালটে ভোটদান: গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ২৭ অনুচ্ছেদে জাতীয় সংসদ নির্বাচনে নিম্নরূপ ব্যক্তিবর্গের পোস্টাল ব্যালট-এর মাধ্যমে ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন:

- ভোটার তালিকা আইন, ২০০৯ এর ধারা ৮ এর উপ-ধারা (৩) এবং (৫) এ বর্ণিত ব্যক্তিবর্গ;
- কোন ব্যক্তি তিনি যে ভোট কেন্দ্রে ভোট দেয়ার অধিকারী সে কেন্দ্র ছাড়া অন্য কোন ভোটকেন্দ্রে নির্বাচন সংক্রান্ত কোন দায়িত্ব পালনের জন্য নিযুক্ত আছেন;
- বাংলাদেশী ভোটার বিদেশে বসবাস করলে।

৩। পোস্টাল ব্যালটে ভোটদানের জন্য আবেদন: ভোটদানের জন্য (ক) দফায় উল্লিখিত ব্যক্তিবর্গ কমিশন কর্তৃক নির্বাচনি সময়সূচির প্রজ্ঞাপন ঘোষণার দিন হতে ১৫ (পনের) দিনের মধ্যে পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোটদানের জন্য রিটার্নিং অফিসারের নিকট বিধি অনুসারে আবেদন করতে পারবেন এবং নির্বাচনের কাজে নিযুক্ত ব্যক্তিগণকও নির্বাচনি কাজে নিয়োগপ্রাপ্ত হওয়ায় সাথে সাথে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের নিকট আবেদন করতে হবে।

৪। কোন ভোটার পোস্টাল ব্যালটে ভোট প্রদানের জন্য তার ব্যালট পেপার প্রাপ্তির পর, নির্ধারিত পদ্ধতিতে, তার ভোট রেকর্ড করিবার পর ব্যালট পেপারটি দফা (৩) এর অধীন তার নিকট প্রেরিত খামে ন্যূনতম বিলম্বের মধ্যে রিটার্নিং অফিসারের নিকট ডাকযোগে প্রেরণ করবেন।

উল্লেখ্য যে, টাঙ্গাইল জেলার ০৮টি সংসদীয় আসনের [১৩০ টাঙ্গাইল-১ (মধুপুর, ধনবাড়ী), ১৩১ টাঙ্গাইল-২ (গোপালপুর, ভূঞাপুর), ১৩২ টাঙ্গাইল-৩ (ঘাটাইল), ১৩৩ টাঙ্গাইল-৪ (কালিহাতি), ১৩৪ টাঙ্গাইল-৫ (টাঙ্গাইল সদর), ১৩৫ টাঙ্গাইল-৬ (দেলদুয়ার, নাগরপুর), ১৩৬ টাঙ্গাইল-৭ (মির্জাপুর) এবং ১৩৭ টাঙ্গাইল-৮ (বাসাইল, সখিপুর)] পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোটদানের জন্য যোগ্য ভোটারগণ উপরের নির্দেশনা অনুসরণ করে আগামী ৩০ নভেম্বর ২০২৩ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর বরাবর আবেদন করতে পারবেন।

মোঃ কায়ছারুল ইসলাম
জেলা প্রশাসক, টাঙ্গাইল

ও
রিটার্নিং অফিসার
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন

তারিখঃ ১ ৬ দিন ১ ১ মাস ২ ০ ২ ৩ বৎসর

নং-০৫.৪১.৯৩০০.০০২.০৬.০০১.২৩-

তারিখ: ০১ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
১৬ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
- আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
- পুলিশ সুপার, টাঙ্গাইল।
- সিনিয়র জেলা নির্বাচন অফিসার, টাঙ্গাইল।
- উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার(সকল), টাঙ্গাইল (তাকে বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- সিনিয়র জেলা তথ্য অফিসার, টাঙ্গাইল (তাকে বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
- উপজেলা নির্বাচন অফিসার, (সকল), টাঙ্গাইল।
- সভাপতি/সম্পাদক, টাঙ্গাইল প্রেস ক্লাব, টাঙ্গাইল।
- নোটিশ বোর্ড.....।

জেলা প্রশাসক, টাঙ্গাইল

ও
রিটার্নিং অফিসার